গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

বিষয়ঃ আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ০৩ আগস্ট ২০২২, বুধবার

সময় : বিকাল ৩:৩০ ঘটিকায়

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি সকলকে অবহিত করেন যে মাননীয় প্রধানমন্ত্রী আগামী ৮ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়াল পদ্ধতিতে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য নিম্নরূপঃ

মহীয়সী বঙ্গমাতার চেতনা
অদম্য বাংলাদেশের প্রেরণা

০২। দিবসটি 'ক' শ্রেণীভূক্ত একটি জাতীয় দিবস। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সে অনুযায়ী আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ০৮-০৮-২০২২<br>সকাল ১০.০০ টা | ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী উদযাপন ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান অনুষ্ঠান, ২০২২ | আমন্ত্রিত অতিথিদের যোগদান |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২. | ০৮-০৮-২০২২ সুবিধাজনক সময়ে | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে অথবা দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |
| ৩. | ০৮-০৮-২০২২ | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্বাধীকার আন্দোলন, অসহযোগ আন্দোলন, মুক্তিযুদ্ধ এবং যুদ্ধোত্তর বাংলাদেশে অসহায় নির্যাতিত নারীদের সহায়তা ও পুনর্বাসনে ভূমিকাসহ বঙ্গমাতা জীবনীভিত্তিক আলোচনা ও দোয়ার আয়োজন করবে। স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে 'মহীয়সী বঙ্গমাতার চেতনা, অদম্য বাংলাদেশের প্রেরণা' – শীর্ষক প্রতিপাদ্যের আলোকে ০৮ আগষ্ট ২০২২ তারিখ সোমবার বিকাল ০৩.৩০ ঘটিকায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রাঙ্গণে তাঁর স্মরণে পুস্পস্তবক অর্পণ এবং অডিটোরিয়ামে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তা এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার জ্যেষ্ঠ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪. | ০৮-০৮-২০২২ সুবিধাজনক সময়ে | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও বিশেষ করে সিটি কর্পোরেশনসমূহ তাদের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (যদি থাকে) বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর জীবনী নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান এবং দোয়ার আয়োজন | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান; |

সভাপতি আগামী ০৮ আগস্ট ২০২২ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভা সমাপ্ত করেন।

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২২- ৮৯০/১(৩০) তারিখঃ ১৯ শ্রাবণ ১৪২৯ / ০৩ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৬। উপসচিব (সকল),স্থানীয় সরকার বিভাগ।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১০। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম/সিলেট সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।

০৩/০৮/২০২২
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১